

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

স্মারক নং-২১.০০.০০০০.৩৬৮.৯৯.৯৮৪.১৭-৪০৪

তারিখঃ ১৪/০১/২০১৮

পরিপত্র

বিষয়ঃ সরকারী ক্রয় প্রক্রিয়ায় সিপিটিইউ এর ওয়েবসাইটে (www.cptu.gov.bd) বিজ্ঞাপন প্রকাশ সহজীকরণ সংক্রান্ত।

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৪০(৪)(খ) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৯০(২)(ঝ) অনুযায়ী ক্রয়কারীর (ক) প্রাক-যোগ্যতা বিজ্ঞাপন; (খ) ১ (এক) কোটি টাকা বা তার উর্ধ্বে দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবার বিজ্ঞাপন; এবং (গ) ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তার উর্ধ্বে দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবাক্রয়ের আগ্রহব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে।

২। উল্লিখিত বাধ্যবাধকতার আওতায় CPTU এর ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ পদ্ধতি সহজ করা হয়েছে। এখন থেকে ক্রয়কারী নিজেই ই-জিপি পদ্ধতিতে ব্যবহৃত লগইন ই-মেইল আইডি এর মাধ্যমে সিপিটিইউ ওয়েব সাইটে লগইন করে ক্রয় বিজ্ঞাপন সিপিটিইউ এর ওয়েবসাইটে প্রকাশ করতে পারবে।

৩। যে সকল ক্রয়কারীর ই-জিপি পদ্ধতিতে এখনও লগইন আইডি নেই তারা নিজ নিজ সংস্থার ই-জিপি Organization Admin এর নিকট থেকে আইডি সংগ্রহ করে এতদুদ্দেশ্যে লগইন করতে পারবে।

৪। ই-জিপি পদ্ধতির ন্যায় সিপিটিইউ ওয়েবসাইটে লগইন করার জন্য প্রয়োজনীয় পাসওয়ার্ড, লগইন ই-মেইল আইডি এর মাধ্যমে, উদ্ধার/ পুনরুদ্ধার করা যাবে। এ বিষয়ে প্রয়োজনে সিপিটিইউ এর ওয়েবসাইটে প্রকাশিত টেলিফোন, মোবাইল এবং ই-মেইল এর মাধ্যমে সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার/ প্রোগ্রামার/ সিনিয়র প্রোগ্রামার/ সিস্টেম এনালিস্ট/ সিনিয়র সিস্টেম এনালিস্ট এর সঙ্গে যোগাযোগের মাধ্যমে সহযোগিতা গ্রহণ করা যাবে।

৫। এমতাবস্থায়, ম্যানুয়েল পদ্ধতিতে সরকারী ক্রয় প্রক্রিয়াকরণে ক্রয়কারীকে সিপিটিইউ এর ওয়েবসাইটে লগইন করে বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।



(মোঃ ফারুক হোসেন)

মহাপরিচালক

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় -----
- ৩। সিনিয়র সচিব ----- মন্ত্রণালয়/বিভাগ
- ৪। সচিব/ সদস্য/ ভারপ্রাপ্ত সচিব/ ভারপ্রাপ্ত সদস্য ----- মন্ত্রণালয়/ বিভাগ/ পরিকল্পনা কমিশন

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। চেয়ারম্যান/ প্রধান-প্রকৌশলী/ মহাপরিচালক/ সংস্থা প্রধান, -----
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। -----, সিপিটিইউ, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা।



(মোঃ ফারুক হোসেন)

মহাপরিচালক